দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 19 1999
পৃষ্ঠা ২ কলাম ৩

## বগুড়ার মেধাবী ছাত্র খালেককে প্রধানমন্ত্রীর ৫০ হাজার টাকার চেক প্রদান

বাসস ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বগুড়ার মেধাবী ছাত্র আবদুল খালেকের উচ্চ শিক্ষার সুবিধার্থে গতকাল (বুধবার) তাহাকে ৫০ হাজার টাকার চেক প্রদান করেন। প্রধানমন্ত্রী গতকাল তাহার কার্যালয়ে খালেকের নিকট চেক হস্তান্তর করেন। তিনি খালেকের শিক্ষাজীবন শেষ না হওয়া পর্যন্ত প্রতি মাসে বঙ্গবন্ধু স্মৃতি ট্রাস্ট হইতে তাহার জন্য ৫ শত টাকা বৃত্তি বরাদ্দ করেন। প্রধানমন্ত্রী খালেকের পরিবারের সমস্যা সম্পর্কে সংবাদপত্রের মাধ্যমে জানিতে পারেন। বগুড়া সদর থানার তাফের আলীর পুত্র খালেক এই বছরের এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী বোর্ডে ৬ষ্ঠ স্থান অধিকার করে। শেরপুর (বগুড়া) পৌরসভা চেয়ারম্যান ও বগুড়া জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক মুজিবুর রহমান মঞ্জু এবং বগুড়ার জেলা প্রশাসক এই সময় উপস্থিত ছিলেন।